# Sugar (Road Development Cess) (রহিতকরণ) আইন, ২০১৮

সূচি

**ধারাসমূহ**

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

২। Sugar (Road Development Cess) Ordinance, 1960 (East Pakistan Ordinance No. XXIII of 1960) রহিতকরণ ও হেফাজত

---

# Sugar (Road Development Cess) (রহিতকরণ) আইন, ২০১৮

## ২০১৮ সনের ২৬ নং আইন

[ ২৯ জুলাই, ২০১৮ ]

**Sugar (Road Development Cess) Ordinance, 1960 (East Pakistan Ordinance No. XXIII of 1960) রহিতকরণকল্পে প্রণীত আইন**

যেহেতু বাংলাদেশের জনগণের মৌলিক চাহিদা পূরণ ও তাহাদের জীবনমান উন্নয়নের স্বার্থে বর্তমান সরকার যোগাযোগ অবকাঠামো উন্নয়নে অগ্রাধিকার প্রদান করিয়া ব্যাপক হারে সড়ক ও মহাসড়ক নির্মাণের পাশাপাশি সারা দেশের নিভৃত পল্লী এলাকার সাধারণ মানুষকে উহাদের সাথে যুক্ত করিবার লক্ষ্যে সংযোগ সড়ক নির্মাণ করিয়াছে; এবং

যেহেতু সড়ক যোগাযোগ ব্যবস্থার অভূতপূর্ব উন্নয়নের ফলশ্রুতিতে দেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত চিনিকলে পার্শ্ববর্তী যে সকল এলাকা হইতে আখের যোগান দেওয়া হয় সেই সকল এলাকার সড়কসমূহ অধিকাংশ ক্ষেত্রে পাকা সড়কে উন্নীত হইয়াছে; এবং

যেহেতু বর্তমান সরকার জনসাধারণের কল্যাণার্থে সড়ক যোগাযোগ ব্যবস্থা অধিকতর বিস্তৃত ও উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ; এবং

যেহেতু Sugar (Road Development Cess) Ordinance, 1960 (East Pakistan Ordinance No. XXIII of 1960) এর বিধানবলে চিনিকলে আখ সরবরাহকারীদের নিকট হইতে আদায়কৃত উপকর দ্বারা রাস্তাঘাট উন্নয়নের প্রয়োজনীয়তা প্রায় নিঃশেষিত; এবং

যেহেতু উপরি-বর্ণিত অবস্থাধীনে Sugar (Road Development Cess) Ordinance, 1960 (East Pakistan Ordinance No. XXIII of 1960) এর অধীন উপকর আদায় বন্ধ করিবার লক্ষ্যে উক্ত Ordinance রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

**১।** (১) এই আইন Sugar (Road Development Cess) (রহিতকরণ) আইন, ২০১৮ নামে অভিহিত হইবে। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

Sugar (Road Development Cess) Ordinance, 1960 (East Pakistan Ordinance No. XXIII of 1960) রহিতকরণ ও হেফাজত

**২।** (১) Sugar (Road Development Cess) Ordinance, 1960 (East Pakistan Ordinance No. XXIII of 1960), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত Ordinance এর অধীন আদায়কৃত উপকর (Cess) দ্বারা বাস্তবায়নাধীন কোন প্রকল্প বা চলমান কোন কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত এমনভাবে চলিতে থাকিবে যেন উক্ত Ordinance রহিত হয় নাই।